মেহেরপুরে রুপার বিরুদ্ধে ডিএস আইনে আরও একটি মামলা

মেহেরপুরে আটলান্টিক হোটেল কাণ্ড মামলার চার্জশিট ভুক্ত আসামি নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে মেহেরপুরের একটি আদালতে ডিজিটাল নিরাপত্তা আইনে আরও একটি মামলা হয়েছে।

আজ বৃহস্পতিবার বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুন আহমেদ বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে এ মামলা দায়ের করলে বিচারক মো. তারিক হাসান মামলাটি আমলে নেন। যার নম্বর সিআর ৩৬২/২৩।

মামলার এজাহারে বাদী অভিযোগ করেন, আসামী নিলুফার ইয়াসমিন রুপা একজন দুর্দান্ত প্রকৃতির প্রতারক চক্রের সক্রিয় সদস্যা এবং দেহ ব্যবসায়ীর সাথে জড়িত থেকে বিভিন্ন অপকর্ম করে বেড়ান। নিরীহ ব্যক্তিদের ব্লাকমেইল করে নিরীহ মানুষের ঘনিষ্ঠ হয়ে নগ্ন ছবি করে চাঁদা আদায় করে থাকে মর্মে আসামীর অপকর্মের বিষয়ে প্রাথমিক ভাবে প্রমাণিত হলে আসামীকে অভিযুক্ত করে চাঁদাবাজি ও পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনে অভিযোগ পত্র দাখিল করেন তদন্তকারী পুলিশ কর্মকর্তা।

এজাহারে আরো জানা গেছে, আসামী মেহেরপুর শহরে বিভিন্ন অপকর্ম করে বেড়াই, নিরীহ মানুষদের ফাঁদে ফেলে টাকা পয়সা আদায় করে থাকে। আসামীর বিরুদ্ধে দায়েরকৃত জি.আর- ৪২৯/২২ মামলা থেকে গ্রেফতার এড়ানোর জন্য আসামী নিজেকে মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সদস্য না হওয়া স্বত্ত্বেও সদস্য দাবী করিয়া বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করার অভিপ্রায়ে এবং মামলার বিচার কার্যক্রম ব্যাঘাত করার জন্য ও পুলিশ প্রশাসনকে চাপে রাখার জন্য আসামী কয়েকজন মহিলা ও পুরুষদের টাকার বিনিময়ে মিথ্যা প্রলোভন দেখাইয়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে ঘটনার তারিখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বে-আইনী সমাবেশ করে বক্তব্য প্রদান করে। নিলুফা ইয়াসমিন রুপা বঙ্গবন্ধু সৈনিক লীগের কোন পদে না থেকেও পদ ব্যবহার করে প্রতারণা মূলক কাজ করছে এবং সংগঠন বিরোধী কার্যকলাপ চালিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের কর্মী ও সমর্থকসহ জনগণের মনে অনুভূতির আঘাত হানিয়া বাংলাদেশ আওয়ামী লীগের মান সম্মান

ক্ষুন্ন করেছে।

বাংলাদেশ আওয়ামীলীগের অর্থাৎ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করেছে । বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এবং প্রধানমন্ত্রীর ছবি সঠিক স্থানে প্রতিস্থাপন না করিয়া যত্রতত্র ব্যবহার করিয়া মুক্তিযুদ্ধের চেতনায় আঘাত হানে এবং মুক্তিযুদ্ধের চেতনা অবমাননা করিয়া ডিজিটাল নিরাপত্তা আইনের বিধান লংঘন করিয়াছে।

অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন হচ্ছে-ডিসি আজিজুল

অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট গ্রহণ দেখে সন্তোষ প্রকাশ করলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম ও মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম।

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের ২ নং মহাম্মদপুর ওয়ার্ডের উপনির্বাচনের ভোট কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের বলেন, অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন হচ্ছে। এখানে ভোটার উপস্থিতি ভাল। সকালের দিকে নারী ভোটারদের উপস্থিতি বেশী ছিল। দুপুরের পর থেকে পুরুষ ভোটারের সংখ্যা বেড়েছে। সকলের সহযোগীতায় একটা ভাল ভোট অনুষ্ঠিত হচ্ছে। এখানে ভোটারদের আন্তরিকতা রয়েছে। ভোটাররা যাতে ভোট কেন্দ্রে এসে শান্তিতে ভোট দিতে পারেন সেটাই আমাদের কাম্য। প্রার্থীরা প্রচারণা চালিয়েছেন। নিশ্চয় ভোটাররা আরও বেশি উপস্থিত হবেন।

এসময় গাংনী উপজেলা নির্র্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির আহমেদ শামীম, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদসহ নির্বাচনের দায়ীত্বে নিয়োজিত অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার-৪

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের নিয়মিত মামলার ২ ও পুলিশ আইনের ৩৪ ধরায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৫ মে) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন পুলিশ। পুলিশের সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।
গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (২৫ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আজ গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচন চলছে

উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণভাবে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আজ বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হচ্ছে। ভোট কেন্দ্রে সকাল থেকেই নারী ভোটারদের

উপস্থিত উল্লেখ করার মত। তবে, বেলা বাড়ার সাথে সাথে পুরুষ ভোটারদের উপস্থিতিও বাড়তে শুরু করে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)।
হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক বলেন, ভোট কেন্দ্র এবং বাইরে বিপুল পরিমান পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ বলেন, ভোট কেন্দ্র অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

গাংনীতে স্যালো ইঞ্জিন চালিত গাড়ি উল্টে স্কুল ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া গ্রামে শ্যালো ইঞ্জিনচালিত ইটবহনকারী ট্রলি উল্টে শাহাজাদ নামের এক স্কুল ছাত্র মারা গেছে। বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে বাওট-মহাম্মদপুর সড়কে মটমুড়াতে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শাহাজাদ গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মালথীপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে ও চরগোয়ালগ্রাম মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেনীর ছাত্র।

স্থানীয় ইউপি সদস্য শাজাহান বলেন, শহাজাদ নিজেই স্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং গাড়ি (ইটবহনকারী ট্রলি) চালিয়ে ইট আনতে যাচ্ছিল। এসময় গাড়ির টায়ার পাংচার হয়ে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি খাদে পড়ে যায়। এতে গাড়ির নিচে পড়ে ঘটনাস্থলেই মারা যায় শাহাজাদ। পরে তাকে উদ্ধার করে নিজ বাড়িতে নিয়ে যায়।

শাহাজাদের বাবা আব্দুর রাজ্জাক বলেন, আমার ছেলে স্কুলে পড়ে। আজকেই প্রথম সে এক গাড়ি চালিয়ে ইট আনতে মহাম্মদপুর ইটভাটাতে যাচ্ছিল।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

বোনের কিডনী ও প্রধানমন্ত্রীর সহায়তায় সুস্থ হয়ে উঠবেন জেমস স্বপন মল্লিক

একেই বলে ভাইয়ের প্রতি বোনের ভালবাসা। কিডনী রোগে অসুস্থ ভাইকে কিডনী দিয়ে বিরল ভালবাসার উদাহরণ সৃষ্টি করলেন বোন চপোলা মল্লিক। অপরদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ লাখ টাকা চিকিৎসা অনুদান দিয়ে তার পাশে দাড়িয়েছেন।

আজ বুধবার (২৪ মে) ভারতের চেন্নাই অ্যাপোলো হাসপাতালে মুজিবনগরের প্রিয় মুখ জেমস স্বপন মল্লিক বাবুর কিডনী প্রতিস্থাপন করা হয়েছে।

এর আগে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের কৃতি সন্তান জেমস স্বপন মল্লিক বাবু’র চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০

লাখ টাকা চিকিৎসা অনুদান দিয়েছেন এবং প্রয়োজনে আরো দেবেন বলেও আশ্বস্ত করেছেন।

জানা গেছে, জেমস স্বপন মল্লিক বিগত দুই বছর যাবৎ কিডনী রোগে ভুগছেন। বাংলাদেশের বড় বড় হাসপাতালগুলোতে চিকিৎসা নিয়েও কোনো ফল পাচ্ছিলেন না তিনি। অবশেষে ভারতের ভেলোর সিএমসি হাসপাতালে ভর্তি হন। সেখানে গিয়ে জানতে পারেন তার দেহে একটি কিডনী রয়েছে। ইতোমধ্যে কিডনীটি ৮০ শতাংশ অকেজো হয়ে পড়েছে। তাকে কিডনী না দিলে অল্পদিনের মধ্যেই মারা যাবেন। অবশেষে জেমস স্বপন মল্লিকের ছোট বোন চপোলা মল্লিক তার ভাইকে কিডনী দেওয়ার ঘোষণা দেন। পারিবারিক সিদ্ধান্ত মোতাবেক চেন্নাই অ্যাপোলো হাসপাতালে আজ বুধবার তার বোনের দেওয়া কিডনী প্রতিস্থাপন করা হয়েছে।

এদিকে জেমস স্বপন মল্লিক তার ফেসবুকে লেখেন, গত ৪৫ দিন ১৫ টি ডাইলাসিস গ্রহন করালাম। আপনারা সকলে আমার বোন ও আমার জন্য প্রার্থনা করবেন। আমি যেন সুস্থ হয়ে মানুষের পাশে দাড়াতে পারি। আমাকে চেন্নাই ৪ মাস থাকতে হবে। হাসপাতালের খরচ, পরিবারের ৭ জন নিয়ে নিয়ে থাকা খাওয়া, বিমান ভাড়া তাতে অনেক খরচ।

তিনি লেখেন, কৃতজ্ঞতার সাথে স্মরণ করি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এমপি’কে যিনি আমার উন্নত চিকিৎসার ১০ লক্ষ টাকা অনুদান প্রদান করেছেন। আরো দিবেন বলে আশ্বস্ত করেছেন। আমার চিকিৎসার জন্য প্রতিনিয়ত তত্বাবধানে করছেন আমার প্রানের সংগঠন বাংলাদেশ আওয়ামী যুবলীগের বিপ্লবী সাধারণ সম্পাদক, আমার রাজনৈতিক অভিবাবক আলহাজ্ব মো: মাইনুল হোসেন খান নিখিল ভাই।

চার্চ অব বাংলাদেশের মডারেটর বিশপ রাইট রেভা সমূয়েল সুনীল মানখীন সহ আরো দুই বিশপ।

স্মরন করছি পিজি হাসপাতালের প্রো-ভিসি স্যার কবি ও সাহিত্যিক প্রফেসর ডা.একেএম মোশাররফ হোসেন সহ অনেকে।
অপারেশনের পর বাকি সবার কৃতজ্ঞতা স্বীকার করবো। আমার ভবনের সকল এলোটীদের ধন্যবাদ।

এদিকে জেমস স্বপন মল্লিকের আশু রোগ মুক্তি কামনা করেছেন মেহেরপুরের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব

চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননসহ মেহেরপুর প্রতিদিন পরিবার।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে ২ মাদক সেবকের কারাদণ্ড

গাঁজা সেবন করে বিরক্তিকর আচরণ করায় রনি রোজারিও (৪০) ও সাগর রোজারিও (৫৫) কে ১৫ দিন ও ৭ দিন করে বিনাশ্রম কারাদণ্ড ও ২শ টাকা করে অর্থদণ্ড দিয়েছে উপজেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

আজ বুধবার (২৪ মে) বিকাল ৩ টার সময় চৌগাছা খ্রীষ্টানপাড়া এলাকায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদন্ড দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

রনি রোজারিও গাংনী পৌর সভার চৌগাছা গ্রামের খ্রীষ্টানপাড়া এলাকার বিমল রোজারিও’র ছেলে এবং সাগর রোজারিও একই এলাকার ক্লেমেট রোজারিও’র ছেলে। এর আগে বেলা ১২ টার দিকে এই দুই মাদক সেবক খ্রীষ্টান পাড়া এলাকায় মোঃ রাজিবের আমবাগানে বসে গাঁজা সেবনরত অবস্থায় মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক হন।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এসআই খসরুর নেতৃত্বে একটি টিম অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছে ১০ গ্রাম করে গাঁজা উদ্ধার হয়। তাদের আটকের সময় গাঁজা সেবন করে বিরক্তিকর আচরণ করছিল।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, তাদের বিরুদ্ধ মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(৫) ধারায় আসামি রনি রোজারিওকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও দুইশত টাকা জরিমানা প্রদান এবং আসামি সাগর রোজারিও কে একই আইনেন সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ২শ টাকা জরিমানা করা হয়েছে।

দণ্ডিতদের মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে সামাজিক সম্প্রীতি বিষয়ক ইমাম ও খতিবদের সাথে কর্মশালা

জেলা পর্যায়ে মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের নিয়ে “সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্রাস ও জঙ্গি প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরাসন” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা- ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৪ মে) সকাল ১০ টার দিকে গাংনী মডেল মসজিদ ও ইসলামিক সেন্টারে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন (এমপি)।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মোঃ মনিরুজ্জামান মাস্টার, আওয়ামী লীগের স্থানীয় নেতা মোঃ মনিরুজ্জামান আতু, ইফার ফিল্ড সুপারভাইজার মোঃ মনিরুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার মোঃ আমানুল্লাহ প্রমুখ। কর্মশালায় গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নের মসজিদের ইমামগণ অংশ নেন। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন গাংনী অঞ্চলের ফিল্ড সুপারভাইজার মুহাম্মদ তাওহীদুল ইসলাম।

গাংনীতে বেপরোয়া গতির মোটরসাইকেল চালানোর খেসারত

গাংনী উপজেলার জালশুকা গ্রামে বেপরোয়া গতির মোটরাসাইকেল চালানোর খেসারত দিলো যুবক রাসেল (১৮)। মোটরসাইকেল নিয়ন্ত্রন হারিয়ে রাস্তায় উপর উল্টে মারাত্বক আহত হয়েছে সে। আহত রাসেল জালশুকা গ্রামের সাদ আলীর ছেলে।

আজ বুধবার (২৪ মে) বেলা ১২ টার দিকে জালশুকা গ্রামের রাস্তায় দ্রুতযোগে মোটরসাইকেল চালাতে গিয়ে নিয়ন্ত্রন হারিয়ে পড়ে যায় সে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয় । সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

বর্তমানে সে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

মেহেরপুরে ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে আটক চোর

মেহেরপুর শহরের পৌর কলেজপাড়া এলাকায় এবার ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে ধরা পড়লেন গাংনীর গাঁড়াডোব গ্রামের শাহাবুদ্দীন (৩৪)। পরে স্থানীয় জনতা তাকে তুলে দেন মেহেরপুর সদর থানা পুলিশের কাছে।

মেহেরপুর সদর থানায় চুরির অভিযোগে দায়ের হওয়া মামলায় তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়।

গ্রেফতারকৃত শাহাবুদ্দীন গাংনী উপজেলার গাঁড়াডোব কাছারীপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে।

আজ বুধবার (২৪ মে) সকাল সাড়ে ১০ টার দিকে মেহেরপুর শহরের পৌর কলজেপাড়া এলাকায় ব্যাটারি চালিত পাখি ভ্যান চুরি করতে গিয়ে জনতার

হাতে আটক হন। তার নামে ৩৭৯ ধারায় দায়েরকৃত মামলার নং ৮, তারিখ ০৪/০৪/২০২৩ ইং গ্রেফতার দেখানো হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, চুরির মামলার আসামি শাহাবুদ্দীন আজকে সকালের দিকে পৌর কলেজপাড়া এলাকায় ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে আটক হন। পরে তাকে জনতার হাত থেকে উদ্ধার করা হয়।